# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের মাঝে সর্বাধিক উত্তম ব্যক্তি হলো যিনি উত্তম চরিত্রের অধিকারী

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مِنْ خِيَارِ النَّاسِ مَنْ كَانَ أَحْسَنَ خُلُقًا

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ مَسْرُوقٍ قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو: إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لم يَكُنْ فَاحِشًا وَلَا مُتَفَاحِشًا وَكَانَ يَقُولُ: (خِيارُكُم أحاسِنُكُم أخلاقاً.)

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 477 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৭৭. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অশ্লীলভাষী ছিলেন না এবং অসদাচারীও ছিলেন না। তিনি বলতেন: “তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম, যিনি চরিত্রের দিক দিয়ে উত্তম।”[1]

ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ২৭১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৬৬৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১৪; মুসনাদ আহমাদ: ২/১৬১; সহীহ মুসলিম: ২৩২১; সুনান বাইহাকী: ১০/১৯২; আত তায়ালিসী: ২২৪৬; সহীহ আল বুখারী: ৩৫৫৯; তিরমিযী: ১৯৭৫।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৮৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88941

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন